

বিমানের নতুন চেয়ারম্যান আব্দুল মুয়ীদ চৌধুরী

- A Monitor Desk Report

Date: 19 August, 2024



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে সরকারের সাবেক সচিব ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা আব্দুল মুয়ীদ চৌধুরীকে নিয়োগ দেওয়া হয়েছে।

এর আগে রবিবার (১৮ আগস্ট) রাতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে চেয়ারম্যান হিসেবে কর্মরত মোস্তফা কামাল উদ্দীনকে (অবসরপ্রাপ্ত সিনিয়র সচিব) অব্যাহতি দেওয়া হয়।

মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব রুমানা ইয়াসমিন স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বিমানের অনুমোদন নিয়ে প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকরের নির্দেশ দেওয়া হয়।

২০২৩ সালের ২৬ জানুয়ারি সাবেক সিনিয়র সচিব মোস্তফা কামাল উদ্দীনকে বিমানের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছিল। তিনি ২০১৭ সালের আগস্ট থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে ছিলেন। ২০২৩ সালে তিনি চাকরি থেকে অবসর নিয়েছিলেন। পরে আবার তাকে বিমানের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হয়।

এর আগে ১৫ আগস্ট বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জাহিদুল ইসলাম ভূঞাকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়।

-B